# Project 7

**Course Code and Name:** MSJ11202 Bangla for Media

**Project Name: “ট্র্যাশন শো: ফ্যাশন যেখানে প্রতিবাদের ভাষা”**

**Project Type:** Report

**Project Date:** Summer 2022

**Project Introduction:**

For this project, our cohort staged a fashion runway intervention turning waste into wearable outfits. Our muse was that in a news cycle populated with daily cases of violence, pollution, drug abuse, gender equality, etc, what if protest could be worn instead of being held up & shouted. 12 design teams designed outfits using a variety of waste materials such as old, discarded newspapers, polythene, plastic bottles, discarded cigarette butts, etc. We turned the to the runway at ULAB for a public fashion show on Sept 2, 2022; with different outfits themed after different issues; a newspaper skirt stitched with headlines of rape and abuse, a bridal dress made of polythene which questioned the idea of comfort, concept and the gender specific absence of pockets, a cigarette butt necklace symbolizing addiction amongst others. The pieces blended 2 vastly different worlds of activism & fashion to leave a tangible and lasting effect on the viewers.

**Project Justification:**

For this project we chose fashion as the medium of expression as it’s an embodiment of both everyday style and performance and has the power to reach people who may never enter a gallery or read a policy brief. By using up-cycling practices the show also critiqued fast fashion’s inherent wastage and modelled a tangible alternative, re-use - both rhetorical and practical. The runway also helped us layer multiple symbolism and messaging such as bruised makeup, rope chain motifs headline typography, such that the audiences could also feel the stakes and not just understand them. This approach aligned with the course’s goal for converging media forms (design, story, live events) along with public interest communications (raising awareness, sparking dialogue) into something that was cohesive, visible & doable. Partnering with the campus stage gave us legitimacy & greater reach whilst also helped us ensure the safety of the participants & keep the cost down to a minimum.

**Project produced under this course:**

**Name in English and Bengali:** Hrituparna Devmoni ঋতুপর্ণা দেবমনি
**ID No.:** 201012088
Group Member's Name in Bengali (if any): n/a

**Paste below this line:**

ট্র্যাশন শোঃ ফ্যাশন যেখানে প্রতিবাদের ভাষা

ভাবুন তো, ঘুম থেকে উঠে এক কাপ চা হাতে নিয়ে আয়েশ করে পত্রিকার পাতায় চোখ বুলোচ্ছেন, কিন্তু পাতার পর পাতা কেবল খারাপ খবর, কোথাও খুন - রাহাজানি, সড়ক দুর্ঘটনা, কোথাও চলছে পরিবেশ দূষণ, মাদক ব্যবসা, নারী নির্যাতন, লিঙ্গ বৈষম্য, জলবায়ু পরিবর্তন। হ্যাঁ এটাই আজকাল আমাদের নিত্যদিনের ঘটনা, শান্তি আমাদের ত্যাগ করেছে বহু আগেই। চারিদিকে এত অন্যায় আর অনাচার কালো থাবার মত এসে আপনার শ্বাসরোধ করে ফেলতে চায়, আপনি চিৎকার করে প্রতিবাদ করতে চান, কিন্তু পারেন না। আপনি না পারলেও প্রতিবাদের অভিনব এক ভাষা খুঁজে পেয়েছে ইউনিভার্সিটি অফ লিবারেল আর্টস বাংলাদেশ (ইউল্যাব) এর কিছু শিক্ষার্থীরা।

পাবলো পিকাসো বলে গিয়েছেন - শিল্প এমন একটি কৌশলগত মিথ্যা যা আপনাকে সত্যকে বুঝতে বা অনুধাবন করতে সাহায্য করে। অর্থাৎ, শিল্প বা আর্ট যোগাযোগের এমন ই এক মাধ্যম, যা আপাতদৃষ্টিতে দেখাবে একরকম কিন্তু এর অন্তর্নিহিত অর্থ আপনাকে ধাবিত করবে আরেকটি নিগূঢ় সত্যের দিকে যা সাদা চোখে দেখলে অনুধাবন করা যেতো না। যুগে যুগে, অন্যায়ের প্রতিবাদ করতে গিয়ে যখন সাধারণ জনগণের কন্ঠ বারবার রোধ করে দেয়া হয়েছে, তখন ভীম রণভূমে প্রতিবাদী যোদ্ধা হিসেবে বারবারই উঠে এসেছেন শিল্পীরা তাদের সৃজনশীলতার প্রকাশের মাধ্যমে। 'ট্র্যাশন শো' ছিলো এমনই একটি প্রয়াস যেখানে প্রতিবাদ গিয়ে মিশেছে ফ্যাশন আর শিল্পের সাথে। এখনকার 'ফাস্ট ফ্যাশন' এর যুগে তাল মিলাতে গিয়ে আমরা কী পরিমাণ বর্জ্য উৎপাদন এবং পরিবেশ দূষণ করে ফেলছি নিজেরাও কি জানি? সর্বসাধারণের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে এবং পরিবেশ বাঁচাতে ইউল্যাব শিক্ষার্থীদের আয়োজিত ট্র্যাশন শো কে বলা যেতে পারে একটি যুগান্তকারী উদ্যোগ । 'ট্র্যাশন' শো হল এমন একটি ফ্যাশন শো যেখানে শিক্ষার্থীরা ট্রাশ বা আবর্জনা পুনর্ব্যবহার করে পোশাক তৈরী করে এবং মডেলদের সজ্জিত করে র‍্যাম্পে প্রদর্শন করে।

র‍্যাম্পে পুরানো খবরের কাগজ দিয়ে তৈরী স্কার্ট পড়েছিলেন শিক্ষার্থী সৈয়দা শাগুফতা নাজ বুশরা। গালে, চোখে অত্যাচারের কালশিটে, জামা কাপড় ছেঁড়া তাতে রক্তের দাগ। পায়ে শিকল, হাতে -গলায় দড়ি। স্কার্টে লক্ষ্য করলে দেখা যাবে খবরের কাগজের টুকরো গুলোর প্রতিটি তে শিরোনাম ধর্ষণ, যৌন নির্যাতন আর গৃহস্থালি শারিরীক অত্যাচারের। কী, ভাবাচ্ছে? "আমাদের দলের চেষ্টা ছিলো সেসব নারীর জীবনকে সামনে নিয়ে আসা যারা যৌন হয়রানি বা শারিরীক নির্যাতনের শিকার কিন্তু তথাকথিত সমাজের চাপে নিজের অবস্থানে প্রতিবাদ করতে পারেনা। প্রতিদিন তাদের গল্প পত্রিকার পাতায় ছাপা হয় কিন্তু দুইদিন পরেই আমরা তা ভুলে যাই। " - দলের পক্ষে হয়ে বলছিলেন শাগুফতা।

মোট ১২ টি দলের প্রত্যেকেই বিভিন্ন সামাজিক সমস্যা কে থিম করে পোশাক তৈরী করে। পলিথিন দিয়ে তৈরী বিয়ের পোশাক আপনাকে প্রচলিত গণ্ডির বাইরে গিয়ে ভাবতে বাধ্য করবে। আপনি ভাববেন আরো নানা বিষয় নিয়ে যা আগে কখনো ভাবেন নি, যেমন- একজন কনের পোশাকের পেছনে তার আরাম কে কতখানি গুরুত্ব দেয়া হয়? কিংবা মেয়েদের পোশাকে পকেট থাকে না কেন? শিক্ষার্থীর গলায় সিগারেটের মালা আপনাকে ভাবাবে মাদকের কুফল সম্পর্কে। পুরাতন সিডি / ক্যাসেটের তৈরী পোশাক আপনাকে নিয়ে যাবে আপনার ছোটবেলায় যা আপনাকে করে তুলবে স্মৃতিকাতর।

পলিথিন, খবরের কাগজ ,পরিত্যাক্ত সিডি, সিগারেটের খালি প্যাকেট ও ফিল্টার, প্লাস্টিকের বোতল - আপাতদৃষ্টির আবর্জনা কিন্তু শিল্পীর মেধা ও মনন তাকে করেছে নান্দনিক এবং দর্শক কে দিয়েছে সচেতনবার্তা। ট্র্যাশন শো তে যেমন উঠে এসেছে বর্জ্য ব্যবস্থাপনার প্রতি সচেতনতা, তেমনি উঠে এস্বছে যৌন নির্যাতন বা শারিরীক নির্যাতন, মাদক বিরোধী সচেতনতা, সড়ক নিরাপত্তা, প্রযুক্তির আগ্রাসনে প্রকৃতির বিপর্যয়, লিঙ্গ বৈষম্যের মত সামাজিক সমস্যা।

মিডিয়া স্টাডিজ এন্ড জার্নালিজম ডিপার্টমেন্ট এর অভ্যন্তরে কনভার্জেন্স কমিউনিকেশন্স -১ কোর্স এর শিক্ষার্থীদের মস্তিষ্কপ্রসূত এই ট্র্যাশন শো। "আগে এই কোর্সে শিক্ষার্থীরা পারফর্মেন্স আর্ট এবং ইন্সটলেশন আর্ট নিয়ে কাজ করতো। এবারে আমি তাদের ফ্যাশন আর্ট নিয়ে কাজ করার নির্দেশনা দিয়েছি কেননা আমি মনে করি ফ্যাশন আর্ট আমাদের দৈনন্দিন জীবন এবং সামাজিক যোগাযোগ উন্নতির সাথে আরো নিবিড়ভাবে জড়িত " - বলছিলেন কোর্সটির ইন্সট্রাক্টর এবং কিউরেটর এ, এফ, এম মনিরুজ্জামান শিপু ( অ্যাসিস্ট্যান্ট প্রফেসর)।

গত ২ সেপ্টেম্বর, ২০২২ ইউল্যাবের এ ক্যাম্পাস রিসার্চ বিল্ডিং এর অডিটোরিয়ামে বিকেল ৪ টায় ট্র্যাশন শো উদযাপিত হয়। অনুষ্ঠানের পৃষ্ঠপোষকতায় ছিলো ব্যুরো ৫৫৫। অনুষ্ঠানে ব্যুরো ৫৫৫ এর প্রতিষ্ঠাতা নুসরাত মাহমুদের পাশাপাশি বক্তব্য রাখেন ইউল্যাব মিডিয়া স্টাডিজ এন্ড জার্নালিজম ডিপার্টমেন্ট এর প্রধান প্রফেসর জুড উইলিয়াম হেনিলো এবং ইউল্যাবের ভাইস চ্যান্সেলর প্রফেসর ইমরান রহমান।

**Self-Reflection:**

This project stretched me to the limits on concept, craft and ethics and pushed me to think creatively and out of the usual box. On the crafting side I learnt how to design and craft whilst staying with the creative constraints that we set for ourselves, balancing aesthetics & durability. On the other hand, we also had to work on the messaging portion to ensure that our outfits exhibit strong imagery and conceptual messaging. I have noticed how strong visual messaging has the power to extend beyond the auditorium via photos and posts. The hardest part of it all was to handle the sensitive themes with elegance and grace whilst ensuring that we grounded the issues without resorting to sensationalism and gave the credits to sources wherever applicable.